P 4665 150 Rs.

INDIA NON JUDICIAL

१५0 रु. Rs 150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

JOINT SUB-REGISTRAR OF ALIPUR AT BEHALA

45 + 58

A 82

A 22

M 2

106

K(1)(a) 51

K(2) 8.25

119-25

স্থাবর সম্পত্তির আপোষ বন্টননামা দলিল।

মোট সম্পত্তির মূল্য ৩০,০০০, ত্রিশ হাজার টাকা মাত্র;

প্রথম পক্ষ— শ্রীকালীদাস মুখার্জী পিতা ৺ নিবারন চন্দ্র মুখার্জী জাতি হিন্দু, পেশা বিষয়ভোগী সাকিম বৈষ্ণবঘাটা থানা সদর টালীগঞ্জ, জেলা ২৪ পরগনা, কলিকাতা - ৩২, হাল সাকিম গ্রাম [illegible], থানা সোনারপুর, জেলা ২৪ পরগনা

9611 A.K. Sen Advo

Judges' Court, Alipur

14.11. 62

2@ 150/ 300/
1@ 25/
325/

2nd NOV. 1962

Ahir Kumar Mukherjee

1) Ahir Kumar Mukherjee
S/O Late Anukul Chandra Mukherjee of 100 Raja S. C. Mallick Road. P.S. Tollygunge

2) Birnal Kanti Mukherjee
3) Niloy Kumar Mukherjee
4) Sarat Chandra Mukherjee
of 97 Raja S. C. Mallick Road
Smt. Nanibala Devi
widow of Anukul Chandra Mukherjee of 100 Raja S. C. Mallick Road P.S. Tollygunge

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

5001

শ্রীমতি সুবর্ণলতা দেবী

5002

শ্রী বিমল কুমার মুখার্জি

5003

শ্রী নিলয় কুমার মুখোপাধ্যায় -

5004

Bimal Kanti Mukherjee
Prince Kumar Mukherjee
97 Raja S. C. Mallick Road
Tollygunge

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

150 Rs.

INDIA NON JUDICIAL

१५० रू.    Rs 150

भारत

एक सौ पचास रूपया    ONE HUNDRED & FIFTY RUPEES

দ্বিতীয় পক্ষ— শ্রী অনিল কুমার মুখার্জ্জী পিতা ৺ অনুকূল চন্দ্র মুখার্জ্জী, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিম বৈষ্ণবঘাটা, থানা সদর টালীগঞ্জ, জেলা ২৪ পরগনা, কলিকাতা-৩২।

তৃতীয় পক্ষ— শ্রীমতী সুনলতা দেবী, স্বামী ৺ অনুকূল চন্দ্র মুখার্জ্জী, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিম বৈষ্ণবঘাটা, থানা সদর টালীগঞ্জ, জেলা ২৪ পরগনা, কলিকাতা-৩২,

No. 9611 A.K. Sen Adv.
Judges Court Alipur
14.11.62

2 @ 150/- 300/-
1 @ 25/-
325/-

JOINT SUB-REGISTRAR OF ALIPUR AT BEHALA

[illegible]

CTF 4.35

~~[illegible]~~

[illegible]

Having visited the residence of Kalidas Mukherjee residing of Elachi P.S. Sonarpur 24 Parganas Pyre case Hon'ble Pay Jaypur Land holder. I have this day examined the said Kalidas Mukherjee who has been identified to my satisfaction by Bishwa Nath Mukherjee S/o Biswa Kumar Mukherjee residing 7/99 Raja S.C. Mullick Rd. P.S. Tollygunge 24 Parganas Pay case Hon'ble Pay Jaypur Landholder & the said Kalidas Mukherjee admitted the execution of this ~~instrument~~ document.

Jt. Sub-Registrar Alipur at Behala
20/11/62

25 Rs.




শ্রী অমল কুমার মুখোপাধ্যায়—
শ্রীমতি স্বর্ণলতা দেবী
শ্রী বিমল কুমার মুখোপাধ্যায়
শ্রী নিলয় কুমার মুখোপাধ্যায়—

চতুর্থ পক্ষ— শ্রীবিমল কুমার মুখার্জী, পিতা- ৺ সন্তোষ কুমার মুখার্জী, জাতি- হিন্দু- পেশা বিষয়ভোগী, সাকিম বৈষ্ণবঘাটা, থানা সদর- টালীগঞ্জ, জেলা ২৪ পরগনা কলিকাতা -৩২,

পঞ্চম পক্ষ— শ্রীনিলয় কুমার মুখার্জী পিতা ৺ সন্তোষ কুমার মুখার্জী, জাতি হিন্দু, পেশা- চাকুরী- সাকিম বৈষ্ণবঘাটা থানা সদর- টালীগঞ্জ- জেলা- ২৪ পরগনা- কলিকাতা -৩২।

কস্য আপোষ- চিহ্নিতমতে- বন্টননামা দলিল পত্রমিদং- কার্য্যঞ্চাগে, জেলা ২৪ পরগনা, থানা-

No. 9611
Sold to A.K. Sen Adv.

of Judges' Court, Alipur
Calcutta Collectorate.
Treasury.
The 14.11.19[illegible]

2@ 150/- 300/-
1@ 25/-
325/-

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

সদর - টালীগঞ্জ, সাবরেজেষ্ট্রী - আলীপুর, জে-এল নম্বর
২৮, মৌজা - বৈষ্ণবঘাটা - গ্রামে, সাবেক টালীগঞ্জ -
মিউনিসিপ্যালিটি - হাল কলিকাতা কর্পোরেশনের -
অন্তর্গত, বিগত জেলা জরীপের ৬১ নম্বর খতিয়ানের
৭৬ নম্বর দাগের - ২৫ পঁচিশ শতক জমি এবং ৩৫০
নম্বর খতিয়ানের ৭৫ নম্বর দাগে ৪৯ উনপঞ্চাশ -
শতক একুনে ৭৪ চোয়াত্তর শতক বাস্তু, উদ্বাস্তু,
পুষ্করিনী জমি সমেত তদুপর কতকাংশের উপর ইটের
দেওয়াল ও টীনের ও খোলার ছাউনী বিশিষ্ট ও -
কতকাংশের উপর পাকা একতলা ইমারতবাটী, সেনিটারী
পায়খানা টিউবওয়েল সমেত সরঞ্জাম আদি দরবস্তু
হক হুকুক যাহা বর্ত্তমানে কলিকাতা কর্পোরেশনের
৯৯ ও ১০০ নম্বর রাজা সুবোধ মল্লিক রোড -
প্রেমিসেস বলিয়া অভিহিত হইয়াছে এবং যাহার -
বিশেষ বিবরন ও চৌহদ্দী নিম্নের "ক" তফশীলে প্রদত্ত
হইল তাহা অত্র দলিলের বিষয়ীভূত বিভাজ্য সম্পত্তি
হইতেছে। উক্ত নিম্নের "ক" তফশীলের প্রথম দফায় -
বর্ণিত কেবলমাত্র বাস্তু জমি ও পুষ্করিনী অত্র দলিলের
পক্ষগন আমাদের পূর্ব্বাধিকারী অধুনা মৃত নিবারন চন্দ্র
মুখার্জ্জী মহাশয়ের স্বত্ব দখলী সম্পত্তি থাকে, উক্ত -
নিবারন চন্দ্র মুখার্জ্জী মহাশয় বিনা উইলাদি সম্পাদনে
তাহার তিন পুত্র যথাক্রমে, জ্যেষ্ঠ সন্তোষ কুমার মুখার্জ্জী, -
মধ্যম - অনুকূল চন্দ্র মুখার্জ্জী - ও কনিষ্ঠ - অত্র দলিলের

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

প্রথম পক্ষ কালিদাস মুখার্জ্জীকে ও ওয়ারেশ রাখিয়া Intestate অবস্থায় পরলোক গমন করিলে তাঁহার উক্ত তিন পুত্র তাঁহার যাবতীয় ত্যক্ত স্থাবর অস্থাবর মায় উক্ত ও নিম্নের "ক" তপশীলে বিশেষভাবে বর্ণিত বাস্তু জমি পুষ্করিনী আওতাওয়ালি হিন্দু দায়ভাগ আইনের বিধান অনুসারে উত্তরাধিকারী সূত্রে মালিক স্বরূপে প্রাপ্ত হইয়া একসামিল প্রত্যেকে অবিভক্ত এক তৃতীয়াংশের স্বত্বাধিকারী হইয়া অন্যের নিরংশে ও নির্বিবাদে যথারীতি খাজনা আদি ও ট্যাক্সাদি আদায়ে ভোগবান ও দখলীকার থাকেন; এক্ষনে ইহা উল্লেখযোগ্য যে উক্ত সন্তোষ কুমার মুখোপাধ্যায় তাঁহার পিতার জীবিতমানে পৃথকান্নে বসবাস করিতেন এবং "ক" তপশীলে প্রথম দফায় বর্ণিত বাস্তুর একাংশে নিজ স্বোপার্জ্জিত অর্থে ও স্বার্থে ইষ্টকের দেওয়াল যুক্ত টীনের ও টালির ছাউনি বিশিষ্ট গৃহাদি নির্ম্মাণে তাহাতে স্বীয় পুত্র কন্যাদি সহ বসবাস করিতেন, উক্ত গৃহাদি "খ" তপশীলে তৃতীয় দফায় বিশেষভাবে বর্ণিত হইল, অনুরূপভাবে অত্র দলিলের প্রথম পক্ষ কালিদাস মুখার্জ্জী ও দ্বিতীয় ও তৃতীয় পক্ষের পূর্ব্বাধিকারী অনুকূল চন্দ্র মুখার্জ্জী উভয়ে যৌথ প্রচেষ্টায় অর্থে ও স্বার্থে উক্ত "ক" তপশীলে বর্ণিত বাস্তু জমির কিয়দংশে একতলা পাকা ইমারত বাটী পায়খানা ইত্যাদি নির্ম্মাণে স্ব স্ব পুত্র কন্যাদি সহ মায় ওয়ারিশগন ক্রমে একসাথে ভোগদখল করিয়া আসিতেছেন; উক্ত গৃহাদি অত্র দলিলে "ক" তপশীলে দ্বিতীয় দফায় বিশেষরূপে বর্ণিত হইল, তৎপরে উক্ত সন্তোষ কুমার মুখোপাধ্যায় মহাশয় বিগত ইংরাজী সন ১৯৪৩/৪৪ সালে বিনা উইলাদি সম্পাদনে তাহার তিন পুত্র যথাক্রমে অত্র দলিলে চতুর্থ পক্ষ বিমল কুমার মুখার্জ্জী মহিতোষ মুখার্জ্জী ও অত্র দলিলে পঞ্চম পক্ষ নিময় কুমার মুখার্জ্জীকে

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

ওয়ারেশ রাখিয়া Intestate অবস্থায় পরলোক গমন করেন, উক্ত বিমল কুমার, আশুতোষ এবং নির্ময় কুমার এই তিন জনা হিন্দু দায়ভাগ আইনের বিধান অনুসারে উক্ত ও নিম্নের "ক" তপশীলের প্রথম দফায় বর্ণিত তাহাদের পৈত্রিক বাস্তু জমির অবিভক্ত এক তৃতীয়াংশ একসঙ্গে প্রাপ্ত হয়েন এবং তাহাতে তাহারা প্রত্যেকে এক নবমাংশের মালিক হিসাবে একসঙ্গে ভোগদখলিকার হয়েন এবং "ক" তপশীলের তৃতীয় দফায় বর্ণিত গৃহাদী কেবলমাত্র তিন জনে ষোল আনা অংশের মালীক হিসাবে প্রাপ্ত হয়েন, কালক্রমে উক্ত অনুকুল চন্দ্র মুখার্জ্জী মহাশয় বিগত ইংরাজী সন ১৯৪১ সালে বিনা উইলাদি সম্পাদনে তাহার ঔরসে ও তাহার পূর্ব্বে পরলোকগতা দ্বিতীয়া পত্নী সুশীলা সুন্দরী দেবীর গর্ভে একমাত্র পুত্র সন্তান অত্র দলিলে দ্বিতীয়পক্ষ শ্রীঅনিল কুমার মুখার্জ্জীকে ও তাঁহার তৃতীয়া পত্নী অত্র দলিলে তৃতীয় পক্ষ শ্রীমতী স্বর্নলতা দেবীকে কেবলমাত্র ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করেন, প্রকাশ থাকে যে উক্ত অনুকুল মুখার্জ্জীর প্রথমা পত্নী, দ্বিতীয়া পত্নীর পানিগ্রহণের পূর্ব্বে নিঃসন্তান অবস্থায় পরলোক গমন করেন, সেমতে উক্ত অনিল কুমার মুখার্জ্জী ও উক্ত স্বর্নলতা দেবী উক্ত ও নিম্নের "ক" তপশীলের প্রথম দফায় বর্ণিত বাস্তু জমি ও পুষ্করিনীতে উক্ত অনুকুল চন্দ্র মুখার্জ্জীর অবিভক্ত এক তৃতীয়াংশ তাহার ওয়ারিশান হিসাবে প্রাপ্ত হইয়া প্রত্যেকে অবিভক্ত এক ষষ্ঠমাংশের মালিক স্বরূপে ভোগবান ও দখলিকার হয়েন ও আছেন ও হইতেছেন এবং উক্ত "ক" তপশীলে বর্ণিত দ্বিতীয় দফায় বর্ণিত পাকা ইমারতাদিতে প্রত্যেকে এক চতুর্থাংশের মালীক হিসাবে ভোগ দখলিকার আছেন, বর্ত্তমান হিন্দু সাকসেশান আইনের বিধান অনুসারে উক্ত স্বর্নলতা মুখার্জ্জীর উক্ত বাস্তু জমি ও পুষ্করিনীতে অবিভক্ত এক ষষ্ঠমাংশের স্বত্ত্ব এবং উক্ত গৃহাদিতে

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

এক-চতুর্থাংশের স্বত্ব নিব্যূঢ় (absolute) হইয়া গিয়াছে,

উক্তরূপে ভোগদখলীকার অবস্থানে অত্র দলিলের পঞ্চম পক্ষ উক্ত নিলয় কুমার মুখার্জ্জী মহাশয় উক্ত ও নিম্নের "ক" তপশীলে বর্ণিত সম্পত্তিতে উক্ত মাহিতোষের অবিভক্ত অংশ বিগত ইংরাজী সন ১৯৪৩ সালের ৭ই জুলাই তারিখে তদানীন্তন বাজারোচিত মূল্যে তাহার নিজ অর্থে ও স্বার্থে বৈষ্ণবঘাটা সাকিনের শ্রী কালীচরন চক্রবর্ত্তী ঘটক মহাশয়ের বেনামে একখণ্ড নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দ্বারা খরিদ করত: ভোগবান ও দখলীকার আছেন, উক্ত কোবালা আলীপুর সাব রেজেষ্ট্রী অফিসের ১ নম্বর বহির ৪৫ নম্বর ভলুমে ৭ হইতে ১০ নম্বর পৃষ্ঠায় ২০৯৩ নম্বর দলিলরূপে লিপিবদ্ধ আছে,

উক্ত কালীচরন ঘটক মহাশয় বিগত ইংরাজী সন ১৯৪৬ সালের ২১শে ডিসেম্বর তারিখে উক্ত নিলয় কুমার মুখার্জ্জীর নামে একখানা নাদাবী পত্র যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়াছেন, উক্ত নাদাবী পত্র আলীপুর রেজেষ্ট্রী অফিসে সন ১৯৪৬ সালের ১ নম্বর বহির ৮ নম্বর ভলুমে ১৯৩ হইতে ১৯৫ নম্বর পৃষ্ঠায় ১৬৮ নম্বর রিইং দলিলরূপে লিপিবদ্ধ আছে,

উপরোক্ত বর্ননানুসারে উক্ত ও নিম্নের "ক" তপশীলে প্রথম দফায় বর্ণিত বাস্তু জমিতে ও পুষ্করিনীতে প্রথম পক্ষ কালীদাস মুখার্জ্জীর অবিভক্ত এক তৃতীয়াংশ দ্বিতীয় পক্ষ ও তৃতীয় পক্ষ অনিল কুমার মুখার্জ্জীর ও শ্রীমতী স্বর্নলতা দেবীর প্রত্যেকের এক ষষ্ঠাংশ ও চতুর্থ পক্ষ বিমল কুমার মুখার্জ্জীর এক নবমাংশ ও পঞ্চম পক্ষ উক্ত নিলয় কুমার মুখার্জ্জীর অবিভক্ত দুই নবমাংশ হইতেছে, নিম্নে "ক" তপশীলে তৃতীয় দফায় বর্ণিত সন্তোষ কুমার মুখার্জ্জীর নির্ম্মিত গৃহখানিতে কেবলমাত্র চতুর্থ ও পঞ্চম পক্ষের একত্রে ষোল আনা অংশ হইতেছে এবং "ক" তপশীলে দ্বিতীয় দফায় বর্ণিত উক্ত প্রথম পক্ষ ও দ্বিতীয় ও তৃতীয় পক্ষের পূর্ব্বাধিকারী কর্ত্তৃক একমাত্র প্রস্তুত পাকা ইমারতাদিতে প্রথম পক্ষের অর্দ্ধাংশ এবং দ্বিতীয় ও তৃতীয় পক্ষের একত্রে অপর অর্দ্ধাংশ হইতেছে, এক্ষনে পক্ষগনের

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

উক্ত ও নিম্ন তফশীলে বিশেষরূপে বর্ণিত একমালী সম্পত্তি যৌথভাবে ভোগদখল করিবার পক্ষে অসুবিধা হওয়ায় পঞ্চজন তাহাদের হিতার্থে ও স্বার্থে তাহাদের শুভাকাঙ্ক্ষী ও মঙ্গলকামী গনের মধ্যস্থতায় নিম্নলিখিত সর্তানুসারে আপোষে বিভাগবন্টন করিয়া লইলেন, প্রকাশ থাকে যে চতুর্থ ও পঞ্চম পক্ষের পিতার জীবদ্দশা হইতেই আবাসহিসাবে পৈত্রিক জমিতে নিজ অর্থে ও স্বার্থে গৃহাদি নির্মাণে বসবাস করিতেছিলেন, উক্ত চতুর্থ ও পঞ্চম পক্ষের স্বত্বদখলী গৃহাদি অত্র সহ সংলগ্ন নক্সায় Lot "C" অংশে প্রদর্শিত হইয়াছে এবং প্রথম পক্ষ কালিদাস মুখার্জী ও দ্বিতীয় ও তৃতীয় পক্ষের পূর্বাধিকারী অনুকুল চন্দ্র মুখার্জী একসঙ্গে পৈত্রিক জমিতে গৃহাদি নির্মাণে বসবাস করিতেছেন, উক্ত সকল গৃহাদি Lot "A" and Lot B, B1, অংশে দেখান হইয়াছে।

সর্ত যথা —

১। পক্ষগনের একমালী স্থাবর সম্পত্তি নিম্নের "ক" তফশীলে বিশদভাবে বর্ণিত হইল এবং অত্র সহ সংলগ্ন নক্সায় প্রদর্শিত হইল।

২। মোট "ক" তফশীলে বর্ণিত একমালী সম্পত্তির মধ্যে হইতে নিম্নের "খ" তফশীলে বিশেষরূপে বর্ণিত ১/২২/২৩ বার কাঠা তিন ছটাক তেইশ স্কোয়ার ফুট জমি সহ তদুপরিস্থ গৃহাদি যাহা অত্র সংলগ্ন প্ল্যানে Lot "A" উল্লেখে ও লাল সীমারেখা দ্বারা বেষ্টনী করিয়া নির্দিষ্ট করা হইয়াছে তাহা প্রথম পক্ষ তাহার অংশে নিবুঢ় স্বত্বে অন্য শরিকগনের নিরংশে ও বিনাস্বত্বে মালিক স্বরূপে পাইলেন, এবং উক্ত Lot "A" সম্পত্তিতে দ্বিতীয় হইতে পঞ্চম পক্ষের কোন প্রকার স্বত্ব দখল দাবী দাওয়া রহিল না বা থাকিবে না, উক্ত Lot "A" এর উপরিস্থিত পাকা ইমারতবাড়ী পায়খানা সহ সবজীবাগ আদি যাবতীয় সম্পত্তি সরবস্তু হক হকুক উক্ত প্রথম পক্ষ তাহার নিজাংশে কোলাকালরূপে পাইলেন ও তাহা

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

মালিক স্বরূপে ভোগবান ও দখলীকার হইলেন তাহাতে অন্য পক্ষের কোনও প্রকার দাবী দাওয়া রহিল না বা থাকিবে না, উক্ত প্রথমপক্ষের অংশে allotted "খ" তফসীলে লিখিত সম্পত্তির মূল্য বর্তমান বাজার মূল্য ২০,০০০, দশ হাজার টাকা হইতেছে।

৩। উক্ত একমালি "ক" তফসীলে বিশদরূপে বর্ণিত সম্পত্তির মধ্যে হইতে দ্বিতীয় ও তৃতীয় পক্ষ তাহাদের অবিভক্ত এক তৃতীয়াংশে অত্র দলীলে সম্পত্তির মধ্যে "গ" তফসীলে বিশেষরূপে বর্ণিত সম্পত্তি যাহা মাপে ।।২ ২৩ বার কাঠা তিন ছটাক তেইশ স্কোয়ার ফুট হইতেছে তাহা উক্ত দ্বিতীয় ও তৃতীয় পক্ষ অর্থাৎ অনিল কুমার মুখার্জী ও শ্রীমতী স্বর্ণলতা দেবী তাহাদের উভয়ের অংশে যৌথভাবে অদ্যকার তারিখ হইতে অন্য শরিকগনের নিরাংশে নিব্যূঢ় স্বত্বে ষোল আনা মালিক স্বরূপে প্রাপ্ত হইলেন এবং তাহাতে তাহারা উভয়ে দখল প্রাপ্তি স্বীকার করিলেন তাহাতে অত্র দলীলের অপর শরিকগনের কোনও স্বত্ব সংস্রব রহিল না বা তাহাতে তাহারা মায় ওয়ারিশান স্থলাভিষিক্তগন ক্রমে কেহ কোন ও ওজর আপত্তি করিতে পারিবে না বা করিলেও তাহা বাতিল ও নামঞ্জুর হইবে উক্ত ও অত্র সহ সংলগ্ন নক্সার মধ্যে উক্ত অনিল কুমার মুখার্জীর অংশ ও শ্রীমতী স্বর্ণলতা দেবীর অংশ একত্রে ও যৌথভাবে প্রাপ্য সম্পত্তি Lot "B" "B1" (লট বি, বি১) অক্ষর দ্বারা নির্দেশিত ও হরিদ্রাবর্ণ সীমারেখা দ্বারা রঞ্জিত ও প্রদর্শিত হইল, উক্ত Lot B," B1" অক্ষর দ্বারা নিরূপিত সম্পত্তির উপর যে সমস্ত পাকা গৃহাদী রান্নাঘর পায়খানা সহ সরঞ্জাম আছে তাহাও ষোল আনারূপে উক্ত দ্বিতীয় ও তৃতীয় পক্ষ নিব্যূঢ় স্বত্বে অন্যের নিরাংশে পাইলেন ও তাহাতে ভোগদখলীকার হইলেন, এস্থলে প্রকাশ থাকে যে উক্ত তৃতীয় পক্ষ শ্রীমতী স্বর্ণলতা দেবী অত্র দলীলে দ্বিতীয় পক্ষ অনিল কুমার মুখার্জীর মাতাঠাকুরানী হইতেছেন. উক্ত দ্বিতীয় ও তৃতীয় পক্ষের মধ্যে ইহা আরও স্থিরিকৃত হইয়াছে যে তৃতীয় পক্ষ উক্ত

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

স্বর্ণলতা দেবী তাঁহার জীবনকাল তক উক্ত "গ" তপশীলে বর্ণিত সম্পত্তিতে কেবলমাত্র বসবাস করিবেন এবং তাঁহার ভরন পোষন বাবদ তিনি দ্বিতীয় পক্ষের নিকট হইতে মাসিক ৩২, বত্রিশ টাকা হিসাবে মাস মাস মাসহারা পাইবেন এবং দ্বিতীয় পক্ষ একারে যেমত আমার রকমে উক্ত "গ" তপশীলে লিখিত সম্পত্তি উক্ত তৃতীয় পক্ষের বসবাস করিবার স্বত্ত্ব সম্বলিত অবস্থায় ও তৃতীয় পক্ষকে প্রতি মাসে ৩২, বত্রিশ টাকা মাসহারা দিবার দায়যুক্ত নিব্যূঢ় স্বত্ত্বে পাইলেন এবং তাহাতে অন্য শরিকগনের বা তৃতীয় পক্ষের উপযুক্ত বসবাস করিবার স্বত্ত্ব ও মাসহারা পাইবার স্বত্ত্ব বাদে আর কাহারও কোনও প্রকার দাবী দাওয়া রহিল না বা থাকিবে না বা ভবিষ্যতে দাবী করিতে পারিবেন না, উক্ত শ্রীমতী স্বর্ণলতা দেবীর খোরপোষের মাসিক ৩২, বত্রিশ টাকা হারে মাসহারা পাইবার অধিকারের দরুন উক্ত ও নিম্নের "গ" তপশীলে বর্ণিত সম্পত্তির উপর প্রথম চার্জরূপে গন্য হইবে, উক্ত মাসহারার টাকা কখনও তামাদি হইবে না দ্বিতীয় পক্ষ তৃতীয় পক্ষকে বর্ত্তমান ইংরাজী সন ১৯৬২ সনের নভেম্বর মাসের মাসহারা পরবর্ত্তী ডিসেম্বর মাসের সাত দিবস মধ্যে যথাযথ রসিদ গ্রহনে আদায় দিবেন এবং পরবর্ত্তী ১৯৬২ সনের ডিসেম্বর মাসের মাসহারা ১৯৬৩ সনের জানুয়ারী মাসের সাত দিবস মধ্যে রসিদ গ্রহনে আদায় দিবেন, এইরূপে প্রত্যেক চলতি মাসের মাসহারা পরবর্ত্তী মাসের সাত দিবস মধ্যে রসিদ গ্রহনে আদায় দিবেন, যদ্যপী দ্বিতীয় পক্ষ কোনও দুই মাসের মাসিক মাসহারা তৃতীয় পক্ষকে আদায় না দেন তাহা হইলে তৃতীয় পক্ষ দ্বিতীয় পক্ষের নামে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহন করিতে পারিবেন এবং "গ" তপশীলে বর্ণিত সম্পত্তিতে উপযুক্ত চার্জ enforce করতঃ তাহা নিলাম, বিক্রয় দ্বারা আদায় করিতে পারিবেন অত্র দফার সর্ত্ত দ্বিতীয় পক্ষের অবর্ত্তমানে তাঁহার ওয়ারিশান স্থলাভিষিক্ত গনের উপর বাধ্যকর হইবে, তৃতীয় পক্ষের অবর্ত্তমানে অত্র "গ" তপশীলে বর্ণিত সম্পত্তির উপর তাহার খোরপোষের ও বসবাসের চার্জ বা দায় একেকালীন চিরতরে ধ্বংস ও বিলুপ্ত হইবে এবং উক্ত "গ"

SUB-REGISTRAR
ALIPORE AT BEHALA

তপশীলে বর্ণিত সম্পত্তি নির্দায় ও আপত্তিমুক্ত হইবে এবং তজ্জন্য কোনও দলিল সম্পাদনের প্রয়োজন হইবে না, গ" তপশীল বর্ণিত সম্পত্তি যাহা দ্বিতীয় পক্ষ এক্ষণে উপর্যুক্ত বর্ণনানুসারে পাইলেন তাহার পরিমাণ ॥২ ৩/২৩ বার কাঠা তিন ছটাক তেইশ স্কোয়ার ফুট মায় তদুপরিস্থিত পাকা ইমারত পায়খানা, রান্নাঘর ইত্যাদি হইতেছে এবং তাহার বাজার মূল্য ১০,০০০, দশ হাজার টাকা হইতেছে,

৪। অত্র দলিলে "ক" তপশীলে বিশদরূপে বর্ণিত সম্পত্তির মধ্যে অত্র দলিলের চতুর্থ ও পঞ্চম পক্ষ একযোগে তাহাদের অংশের দরুন অত্র দলিলে "ঘ" তপশীলে বিশেষরূপে বর্ণিত সম্পত্তি তাহাদের ষোল আনা অংশে প্রাপ্ত হইলেন এবং তাহাতে মায় তদুপরিস্থিত পাকা ইমারত পায়খানা সাজ সরঞ্জাম আদি অদ্যকার তারিখ হইতে উভয়ে একত্রে ষোল আনা মালিক স্বরূপে ভোগ দখলীকার হইলেন, তাহাতে অত্র দলিলের অন্য কোনও পক্ষের বা তাহাদের ওয়ারিশান বা স্থলাভিষিক্ত গনের কস্মিনকালে কোনও আপত্তি চলিবে না বা করিলেও তাহা সর্বত্র ও সর্বথা বাতিল ও নামঞ্জুর হইবে, ঘ" তপশীলে বর্ণিত মোট সম্পত্তির পরিমাণ ॥২ ৩/২৩ বার কাঠা তিন ছটাক তেইশ স্কোয়ার ফুট হইতেছে, এবং তাহার মূল্য ১০,০০০, দশ হাজার টাকা হইতেছে, প্রকাশ থাকে যে অত্র ঘ তপশীলে বর্ণিত সম্পত্তিতে পূর্ব বর্ণনানুসারে চতুর্থ পক্ষ বিমল কুমার মুখার্জ্জীর অবিভক্ত এক নবমাংশ হইতেছে এবং নিলয় কুমার মুখার্জ্জীর অবিভক্ত দুই নবমাংশ হইতেছে, উক্ত ঘ" তপশীলে বর্ণিত সম্পত্তি অত্র দলিল সংলগ্ন নক্সায় বেগুনী রং এর সীমারেখা দ্বারা বেষ্টিত ও ৫সি অক্ষর দ্বারা চিহ্নিত হইয়াছে,

৫। মোট বিভাজ্য সম্পত্তির মূল্য ৩০,০০০, ত্রিশ হাজার টাকা হইতেছে তন্মধ্যে প্রথম পক্ষের অংশে allotted সম্পত্তির

JOINT SUB-REGISTRAR
ALIPUR AT BEHALA

মূল্য ১০,০০০, দশ হাজার টাকা হইতেছে, দ্বিতীয় ও তৃতীয় পক্ষের একত্রে allotted সম্পত্তির মূল্য ১০,০০০, দশ হাজার টাকা এবং চতুর্থ ও পঞ্চম পক্ষের একত্রে allotted সম্পত্তির মূল্য ১০,০০০, দশ হাজার টাকা হইতেছে, সেকারণ কোনও পক্ষ স্ব স্ব অংশানুযায়ী সম্পত্তি পাওয়ায় কোনও পক্ষ অপর পক্ষকে কোনও owelty money দিবেন না,

৬। পক্ষগণ প্রকাশ করিতেছেন যে "ক" তপশীলে বর্ণিত সম্পত্তি কেহই একযোগে বা আলাহিদাভাবে কোনও প্রকারে দায়বদ্ধ করেন নাই তাহা সম্পূর্ণ নির্দোষ ও নির্দায় অবস্থায় আছে যদি ভবিষ্যতে একপ প্রকাশ পায় যে পক্ষগণের মধ্যে কোনও পক্ষ "ক" তপশীলে বর্ণিত সম্পত্তি বা তাহার কোনও অংশ এজমালি থাকা অবস্থায় কোনও প্রকারে দায়বদ্ধ করিয়াছেন তাহা হইলে তাহার কৃত উক্ত দায় allotted অংশে Transfered হইয়া যাইবে এবং হওয়া গন্য হইবে এবং তজ্জন্য তিনি ও ওয়ারিশান ভবিষ্যতে সম্পূর্ণ দায়ী হইবেন ও রহিবেন সেজন্য অপর পক্ষ বা তাহাদের ওয়ারিশানগন কোনওরূপ দায়ী রহিবেন না,

৭। "ক" তপশীলে বর্ণিত মোট বিভাজ্য সম্পত্তির মধ্যে একটি পুষ্করিণী আছে উক্ত পুষ্করিণী অত্র সংলগ্ন নক্সায় প্রদর্শিত হইয়াছে এবং তাহা পক্ষগণের এজমালি সম্পত্তি রহিল এবং উক্ত পুষ্করিণীর উপযুক্ত পক্ষগণ স্ব স্ব অংশানুযায়ী ভোগদখল করিবেন ও করিতে পারিবেন,

৮। অত্র সংলগ্ন প্ল্যানখানা দর্শন হইতে ইহা প্রতীয়মান হইবে যে উক্ত মোট পুষ্করিণীতে যাইবার একটি Common passage মোট ব্যবহারের জন্য রাখা আছে

24/1

[illegible] SUB-REGISTRAR
[illegible] AT BEHALA

উক্ত Common passage টি সবুজ রং এ রঞ্জিত করিয়া উক্ত প্ল্যানে প্রদর্শিত হইয়াছে, সকল পক্ষগন উক্ত Common passage ব্যবহার করিতে পারিবেন তাহাতে কোন পক্ষ অপর কোনও পক্ষের ব্যবহারে বিঘ্ন বা আপত্তি ঘটাইতে বা আপত্তি করিতে পারিবেন না, আরও প্রকাশ থাকে যে উক্ত প্ল্যানে প্রদর্শিত Common passage এক্ষনে স্থানে স্থানে ভগ্ন হইয়া পুষ্করিনীর মধ্যে ধ্বসিয়া পড়িয়াছে পক্ষগন স্ব স্ব অংশানুযায়ী ব্যয় করিয়া উক্ত Common passage এর জমি বাঁধিয়া ব্যবহার উপযোগী করিবেন, আর উক্ত কার্য্যের জন্য অদ্য হইতে পাঁচ বৎসর সময় নির্দিষ্ট রহিল, পক্ষগন এক্ষনে পুষ্করিনী ব্যবহারের জন্য যে যে জমির উপর দিয়া যাতায়াত করিতেছেন উক্ত পাঁচ বৎসর সময় তক সেইরূপ ব্যবহার করিবেন তৎপরে যে পক্ষের allotted জমি দিয়া এক্ষনে যাতায়াত হইতেছে সেই পক্ষ তাহা বন্ধ করিয়া দিতে পারিবেন, উক্ত Common passage প্রস্তুত হইবার পর পক্ষগন স্ব: স্ব: অংশানুযায়ী ব্যয়ে উক্ত passage নিয়মিতভাবে maintaice করিবেন, কোন অংশীদার খরচা না দিলে অপর পক্ষ যিনি উক্ত খরচা করিবেন তিনি defaulting পক্ষের নিকট হইতে তাহার অংশে দেয় টাকা আইনানুসারে আদায় করিয়া লইতে পারিবেন,

৯/ এই মূল বন্টননামার দলিল প্রথম পক্ষের নিকট গচ্ছিত রহিল, তিনি এই দলিল স্বযত্নে রক্ষা করিবেন এবং অপর পক্ষও তাহাদের ওয়ারেশগন ও স্থলাভিষিক্তগনকে পরিদর্শন দিতে ও প্রয়োজন বোধে আদালত ইত্যাদিতে দর্শাইতে দিতে ওয়ারেশগন বাধ্য রহিলেন।

১০/

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

১০। প্রত্যেক পক্ষ অপর পক্ষের allotted অংশে প্রাপ্ত সম্পত্তিতে নামখারিজ ইত্যাদি করিবার জন্য বা অপর কোন ও সমর্থ করলে প্রয়োজন হইলে সর্বপ্রকার সাহায্য করিতে বাধ্য রহিলেন;

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে অত্র দলিল সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিলাম, ইতি তারিখ - ইং ১৯৮২ সাল 22শে নভেম্বর. বাং সা ৬ই অগ্রহায়ণ ১৩৮৯ সাল

প্রথম দফা = ক তফশীল: -

মোট বিভাজ্য সম্পত্তির বিশেষ বিবরণ ও পরিচয়;

জেলা ২৪ পরগনা সাবরেজেষ্ট্রী আলীপুর থানা সদর টালীগঞ্জ রে: সা নম্বর ৯৯, জে এল নম্বর ২৮, তৌজী নম্বর ৫৬ পরগনা খাসপুর, মৌজা বৈষ্ণবঘাটা গ্রামে উক্ত খতিয়ানে ৭৬ ছিয়াত্তরের নম্বর দাগের ২৫ পঁচিশ শতক জমি ও ৩৫০ নম্বর খতিয়ানের ৭৫ পচাত্তরের নম্বর দাগের ৪৯ উনপঞ্চাশ শতক মোট ৭৪ চুয়াত্তর শতক জমি সহ তদুপরিস্থ গৃহাদি যাহা সাবেক টালীগঞ্জ মিউনিসিপ্যালিটি হাল কলিকাতা কর্পোরেশনের ৯৯ ও ১০০ নম্বর বাড়ী সুবোধ মল্লিক রোড প্রেমিসেস হইতেছে, উক্ত ৭৬ ছিয়াত্তরের নম্বর দাগের জন্য বার্ষিক খাজনা ১/০ এক টাকা এক আনা বাওয়ালী নিবাসী নবকিশোর মণ্ডল দিগকে দিতে হয় ৭৫ পচাত্তরের নম্বর দাগের জমি নিষ্কর;

দ্বিতীয় দফা =

উক্ত প্রথম দফায় বর্ণিত সম্পত্তির অন্তর্গত ছয় কামরা বিশিষ্ট পাকা একতলা ইমারত বাড়ী, উহাটি ইটের দেওয়াল বিশিষ্ট খোলার চালযুক্ত

JOINT SUB-REGISTRA
ALIPUR AT BEHALA

শ্রী কালীদাস মুখার্জী

শ্রী অনিল কুমার মুখোপাধ্যায়-

শ্রী মতি স্বর্ণলতা দেবী

শ্রী বিমল কুমার মুখোপাধ্যায়

শ্রী নির্মল কুমার মুখোপাধ্যায়

রান্নাঘর; দুইটি টিউবওয়েল, তিনটি স্যানিটারী-পায়খানা ও একটি বাথরুম;

## তৃতীয় দফা-

উক্ত প্রথম দফায় বর্ণিত সম্পত্তির-কতকাংশে দুইখানি ইটের দেওয়াল বিশিষ্ট ও টালির ছাউনীযুক্ত ও তিনখানি ইটের দেওয়াল বিশিষ্ট ও টীনের ছাউনীযুক্ত ঘর; একটি গোয়াল ঘর; একটি রান্নাঘর-স্যানিটারী-পায়খানা, একটি টিউবওয়েল, একটি-পাতকুঁয়া একটি বাথরুম ইত্যাদি;

## "খ" তফশীল,

**প্রথম পক্ষ কালীদাস মুখার্জী মহাশয়ের ষোল আনা অংশে প্রাপ্য সম্পত্তির বিশেষ বিবরণ;**

উক্ত "ক" তফশীলে প্রথম ও দ্বিতীয় দফায় বর্ণিত সম্পত্তির মধ্যে //২ ৫২৩ বার কাটা তিন ছটাক তেইশ-ফুট জমি সহ তদুপরিস্থ তিনটি শয়নঘর একটি রান্নাঘর; দুইটি পায়খানা; একটি টিউবওয়েল ও একটি বাথরুম; প্রথম পক্ষের অংশে প্রাপ্য সম্পত্তি অত্র সহ সংলগ্ন নক্সায় লাল রঙের সীমারেখা দ্বারা বেষ্টিত আছে

## "গ" তফশীল

দ্বিতীয় ও তৃতীয় পক্ষের অংশে প্রাপ্য সম্পত্তি যাহা দ্বিতীয় পক্ষ শ্রী অনিল কুমার মুখার্জী তৃতীয় পক্ষ-শ্রীমতী স্বর্ণলতা দেবীর বসবাস ও মালিক দখলকারের যৌথভাবে ষোল আনা অংশে পাইতেছেন,

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

উক্ত "ক" তপশীলে প্রথম ও দ্বিতীয় দফায় বর্ণিত সম্পত্তির মধ্যে ।।২ ৫/২৩ বার কাঠা তিন ছটাক তেইশ স্কোয়ার ফুট জমি সহ তদুপরিস্থ তিন কামরা পাকাঘর একটি রান্নাঘর, একটি সেনিটারী পায়খানা ও একটি টিউবওয়েল, যাহা অত্র সংলগ্ন নক্সায় হরিদ্রা রং এর সীমা রেখা দ্বারা বেষ্টিত আছে,

"ঘ" তপশীল

চতুর্থ পক্ষ বিমল কুমার মুখার্জী ও পঞ্চম পক্ষ নিলয় কুমার মুখার্জীর উভয়ের সমান সমান অংশে প্রাপ্য সম্পত্তির পরিচয়,

উক্ত "ক" তপশীলের প্রথম ও তৃতীয় দফায় বর্ণিত সম্পত্তির মধ্যে ।।২ ৫/২৩ বার কাঠা তিন ছটাক তেইশ স্কোয়ার ফুট জমি সহ তদুপরিস্থ দুই খানি ইটের দেওয়াল বিশিষ্ট ও টালির ছাউনীযুক্ত ও তিন খানি ইটের দেওয়াল বিশিষ্ট ও টিনের ছাউনী বিশিষ্ট ঘর, একটি গোয়াল ঘর, একটি রান্নাঘর, দুইটি সেনিটারী পায়খানা, একটি টিউবওয়েল, একটি পাতকুয়া, একটি বাথরুম যাহা অত্র সংলগ্ন নক্সায় বেগুনি সীমারেখা দ্বারা বেষ্টিত হইয়াছে,

যে সম্পত্তি পক্ষগনের একমালী রহিল,

উক্ত "ক" তপশীলে বর্ণিত সম্পত্তির মধ্যে—

N 3/-
O .50
3.50 paise

I
6.2
274
4265
62

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA
24/11/62

শ্রী ... মুখোপাধ্যায়
শ্রী অশোক কুমার মুখোপাধ্যায়
শ্রীমতী স্বর্ণলতা দেবী
শ্রী বিমল কুমার মুখোপাধ্যায়
শ্রী নির্মল কুমার মুখোপাধ্যায়

একটি প্রস্ফুটিনী যাহার অগ্র সহ সংলগ্ন নক্সায় কমলালেবু রং এর সীমারেখা দ্বারা বেষ্টিত আছে ও কমল প্যাস্টেল যাহার সবুজ রং দ্বারা রঞ্জিত আছে,

শ্রী ... মুখোপাধ্যায়
শ্রী অশোক কুমার মুখোপাধ্যায় —
শ্রীমতী স্বর্ণলতা দেবী
শ্রী বিমল কুমার মুখোপাধ্যায়
শ্রী নির্মল কুমার মুখোপাধ্যায় —

ইসাদী =

শ্রী হরিপদ চট্টোপাধ্যায় —
পিতা বরদা প্রসাদ চট্টোপাধ্যায় —
১০৪ নং, রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড
কলিকাতা ৩২

লেখক ও ইসাদী
শ্রী কার্তিক চন্দ্র দাস
৩০এ, রূপনারায়ণ নন্দন লেন
ভবানীপুর, কলিকাতা - ২৫.

শ্রী বসন্ত কুমার মুখোপাধ্যায়
পিতা ৺ কালী চরণ মুখোপাধ্যায়
১৩ নং বৈষ্ণবঘাটা রোড
কলিকাতা - ৩২

শ্রী দিলীপ চট্টোপাধ্যায় (ঠাকুর)
পিতা ৺ শীতানাথ চট্টোপাধ্যায় (ঠাকুর)
৮, নং বৈষ্ণবঘাটা বাই লেন, কলি:- ৩২

JOINT SUB-REGISTRAR
OF ALIPUR AT BEHALA